



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- ৬/এ.স.১৪/৫৬৬

তারিখ: ২৫/৩/২০.....

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি,

শ্রীকর্ণদীঘি উচ্চ বিদ্যালয়

ডাক : মোহনপুর, উপজেলা/থানা: আক্কেলপুর, জেলা : জয়পুরহাট।

বিষয় : মহামান্য হাইকোর্টের আদেশে শ্রীকর্ণদীঘি উচ্চ বিদ্যালয়ের বাতিলকৃত ম্যানেজিং কমিটির মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট পিটিশন নং-১৪৮০২/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বোর্ডের আইন সম্মত নির্দেশ প্রতিপালন না করায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী কর্তৃক ২৬/০৭/২০১৮ তারিখে ১/এস/১৫/৪১৯ স্মারকে অনুমোদিত উল্লিখিত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি ২৭/১১/২০১৯ তারিখে ৩/এস/১৫/৫৮৫ স্মারকে বাতিল করা হয়। তৎপ্রেক্ষিতে বাতিলকৃত ম্যানেজিং কমিটির সভাপতি মো: মাজেদুল ইসলাম মহামান্য হাইকোর্টে ১৪৮০২/২০১৯ নং রীট মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট ০৪/০৩/২০২০ তারিখের আদেশে বোর্ড কর্তৃক ইস্যুকৃত ২৭/১১/২০১৯ তারিখে ৩/এস/১৫/৫৮৫ স্মারকের পত্রের কার্যকারিতা ইতোপূর্বে প্রদত্ত স্থগিতাদেশের মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) মাসের জন্য পুনরায় বর্ধিত করেছেন। অর্থাৎ ম্যানেজিং কমিটির মেয়াদ ১২/০৩/২০২০ থেকে ১২/০৫/২০২০ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

বিধায় রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক ২৬/০৭/২০১৮ তারিখে ১/এস/১৫/৪১৯ স্মারকে অনুমোদিত “শ্রীকর্ণদীঘি উচ্চ বিদ্যালয়” এর ম্যানেজিং কমিটির মেয়াদ মহামান্য হাইকোর্টের নির্দেশ অনুসারে ১২/০৫/২০২০ইং তারিখ পর্যন্ত বর্ধিত করা হ’ল।

চেয়ারম্যানের আদেশক্রমে

২৫/৩/২০২০
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

স্মারক নং-

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ’লঃ

- ১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট।
- ৩। জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট।
- ৫। ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, আক্কেলপুর শাখা, জয়পুরহাট।
- ৬। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), শ্রীকর্ণদীঘি উচ্চ বিদ্যালয়
- ৭। ডাক : মোহনপুর, উপজেলা/থানা: আক্কেলপুর, জেলা : জয়পুরহাট।
- ৭। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)